# উইন্ডোজ সার্ভার




জুয়েল
Web: http://jewel.50webs.com/


## Symantec এন্টিভাইরাস সার্ভার ও ক্লায়েন্ট সেটাপ

বর্তমানে পিসিতে এন্টিভাইরাস ইনস্টল করাটা একটি অত্যাবশ্যকীয় বিষয়। কিন্তু বেশির ভাগ ব্যবহারকরীই এন্টিভাইরাস সম্পর্কে সচেতন না। অনেকেই আছেন যাদের কাছে ভাইরাস-এন্টিভাইরাস বিষয়টি পরিস্কার না। আর যারা এন্টিভাইরাস কি জানেন তাদের মধ্যে ও বেশিরভাগ ব্যবহারকারী মনে করেন এন্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল করলেই ফরজ আদায় হয়ে গেল। এন্টিভাইরাস যে নিয়মিত আপডেট করতে হয় সেটা অনেকে জানেন না বা অনেকে জেনে ও করেন না। আপডেট কেন করতে হয়? এন্টিভাইরাস সফটওয়্যারটা যখন তৈরী হয় তখন জানা সব ধরনের ভাইরাস ইনফরমেশন ওটার মধ্যে দেওয়া থাকে। কিন্তু এখন প্রতিনিয়ত যে হারে নতুন ভাইরাস তৈরী হচ্ছে তার অনেকগুলোই এন্টিভাইরাস চিনতে পারেনা কারন ওই ভাইরাস সম্পর্কে কোন ইনফরমেশন তার ডাটডবেজে নাই। তাই নিয়মিত এন্টিভাইরাস আপডেট করতে হয় যাতে নতুন ভাইরাসগুলো ও এন্টিভাইরাস চিনতে পারে। এন্টিভাইরাস আপডেট ফাইলগুলো সাধারনত ৫ থেকে ১০ মেগাবাইট সাইজের হয় এবং সিমেন্টেক সাধারনত একদিন অন্তর অন্তর আপডেট বের করে। একটা সাধারন ডায়ালআপ কানেকশনে এই ফাইলগুলো ডাউনলোড করতে অনেক সময় ৩০-৪০ মিনিট সময় দরকার হয়। আপনার যদি একটা পিসি হয় প্রত্যেক দিন আপডেট করা আপনার পক্ষে সম্ভব নাও হতে পারে সেক্ষেত্রে সপ্তাহে অন্তত একবার আপডেট করবেন। আর আপনি যদি নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর হন এবং আপনার নেটওয়ার্কে যদি কিছু সার্ভার থাকে যা ২৪ ঘন্টা অনলাইনে কানেক্টেড থাকে সেক্ষেত্রে আপনাকে নিয়মিত প্রত্যেকটা পিসিতে এন্টিভাইরাস আপডেট করতে হবে। আচ্ছা আপনার নেটওয়র্কে যদি ৫০০ পিসি থাকে তখন? প্রত্যেকদিন ৫০০ পিসিতে গিয়ে আপডেট করা সম্ভব??? সে জন্যই Symantec এন্টিভাইরাস সার্ভার/ক্লায়েন্ট। একটা পিসিতে সার্ভার ইনস্টল করা থাকবে। অন্যান্য পিসিতে থাকবে ক্লায়েন্ট। আপনার আর কোন ঝামেলা নেই সার্ভার ইন্টারনেট থেকে সয়ংক্রিয়ভাবে আপডেট হবে আর ক্লায়েন্টগুলো সয়ংক্রিয়ভাবে আপডেট হবে সার্ভার থেকে।

সিমেন্টেক এন্টিভাইরাস সার্ভার সেটাপঃ

১. উইন্ডোজ ২০০০/এক্সপি পিসিতে সার্ভার সেটাপ রান করুন।

২. Next দিন।

http://freebooks.50webs.com

৩. I accept the terms....... সিলেক্ট করে Next দিন। আবার Next দিন।

৩. সার্ভার গ্রুপ নেম দিন Symantec Antivirus। Next দিন। Symantec Antivirus নামে সার্ভার গ্রুপটি ক্রিয়েট করবে কিনা জিজ্ঞেস করবে। Yes দিন।

৪. এন্টিভাইরাস সার্ভারের জন্য পাসওয়ার্ড দিন।

৫. Install ক্লিক করুন। ইনস্টলেশন শুরু হবে।

৬. Old Virus Definition File এর একটা মেসেজ আসবে। Close দিন।

৭. Finish দিন। ইনস্টলেশন শেষ হবে।

৮. সিষ্টেম ট্রে তে সিমেন্টেক এন্টিভাইরাসের একটা আইকন দেখতে পাবেন। ডাবল ক্লিক করুন।

৯. পাসওয়ার্ড চাইবে। পাসওয়ার্ড দিন।

১০. Symantec Antivirus Corporate Edition ওপেন হবে।

১১. File--> Schedule Update... এ ক্লিক করুন। Schedule virus definition update ওপেন হবে। Schedule... বাটনে ক্লিক করুন। Frequency তে daily এবং When এ মধ্যরাতের দিকের যেকোন টাইম সিলেক্ট করুন। কারন তখন আপনার ইন্টারনেট ব্যান্ডউইডথ অনেকটা ফ্রি থাকে ফলে দ্রুত আপডেট ফাইল ডাউনলোড হয়ে যাবে। OK দিন।

১২. File--> LiveUpdate... দিন। Next দিন। এন্টিভাইরাস সার্ভার আপডেট হয়ে যাবে।

সিমেন্টেক এন্টিভাইরাস ক্লায়েন্ট সেটাপঃ

১. নেটওয়র্কের অন্যান্য পিসিতে ক্লায়েন্ট সেটাপ রান করুন।

২. Next দিন।

৩. I accept the terms....... সিলেক্ট করে Next দিন।

৪. Client Install সিলেক্ট করে Next দিন।

৫. Complete সিলেক্ট করে Next দিন।

৬. Managed সিলেক্ট করে Next দিন।

৭. Browse.. বাটনে ক্লিক করে সার্ভারনেম সিলেক্ট করে ok দিন। সার্ভার নেম হচ্ছে যে পিসিতে এন্টিভাইরাস সার্ভার ইনস্টল হয়েছে তার নাম। Next দিন।

৮. Install দিন। ইনস্টলেশন শুরু হবে।


৯. Finish দিন।

এরপর থেকে পিসিগুলোতে সয়ংক্রিয়ভাবে এন্টিভাইরাস নিয়মিত আপডেট হবে। এখানে Symantec Antivirus Corporate Edition 9 নিয়ে আলোচনা করেছি।

Comment link

## এত সোজা !!!! ঃ ডি এইচ সি পি সার্ভার

http://freebooks.50webs.com




নেটওয়ার্কে সংযুক্ত প্রত্যেকটি কম্পিউটারে আই পি এড্রেস দিতে হয়। আই পি এড্রেস দুইভাবে দেওয়া যায়। ম্যানুয়ালি প্রত্যেকটি কম্পিউটারে গিয়ে অথবা অটোমেটিক্যালি। অটোমেটিক্যালি আই পি দিতে গেলে তখন ডি এইচ সি পি সার্ভারের প্রয়োজন হয়। তাহলে দেখুন Windows 2000 Server এ কিভাবে ডি এইচ সি পি কনফিগার করা যায়।

১. Start-Settings-Control Panel থেকে Add/Remove Programs ওপেন করুন। বাম পাশের বক্স থেকে Add/Remove Windows Components এ ক্লিক করুন। Windows Components Wizard ওপেন হবে। স্ক্রল করে Networking Services এ ক্লিক করে হাইলাইট করুন। Details... বাটনে ক্লিক করে Networking Services উইন্ডো ওপেন করুন। Dynamic Host Configuration Protocol (DHCP) এ টিক মার্ক দিন। OK বাটন প্রেস করুন। Next বাটনে প্রেস করার পর ডি এইচ সি পি সার্ভার ইনস্টলেশন শুরু হবে। ইনস্টলেশন প্রক্রিয়া শেষ হওয়ার পর Finish বাটন প্রেস করুন।

২. Start Menu-Programs-Administrative Tools-DHCP রান করুন। DHCP উইন্ডো ওপেন হবে। ডি এইচ সি পি সার্ভার সিলেক্ট করে রাইট মাউস ক্লিক করে New Scope... সিলেক্ট করুন। New Scope Wizard রান হবে Next দিন। Name:, Description: পুরন করে Next দিন। IP Address Range নিচের ইনফরমেশনগুলো দিন। এখানে ধরে নেওয়া হচ্ছে আপনার নেটওয়ার্কে Class C এড্রেস ব্যবহার করা হয়।

Start IP Address: 192.168.100.11

End IP Address: 192.168.100.240

Subnet mask: 255.255.255.0

একটা জিনিস খেয়াল করুন স্টার্ট আই পি দেওয়া হয়েছে ১১ থেকে আর শেষ আই পি দেওয়া হয়েছে ২৪০ যদিও শুরু ও শেষ আই পি যথাক্রমে ১ থেকে ২৫৪ দেওয়া সম্ভব। এখানে প্রথম ১০ টি এবং শেষ ১৪ টি আই পি সংরক্ষিত রাখা হয়েছে কারন নেটওয়ার্কে ব্যবহৃত বিভিন্ন সার্ভার, সুইচ, রাউটার এর জন্য ফিক্সড আই পি দরকার হয়। Next দিন। Add Exclusion এর মাধ্যমে মাঝখান থেকে ও আই পি সংরক্ষিত রাখা সম্ভব। ধরুন আপনি ৪১ থেকে ৫০ পর্যন্ত আই পি গুলো ডি এইচ সি পি এর বাইরে রাখতে চান সেক্ষেত্রে আপনাকে নিচের ইনফরমেশন দিয়ে Add প্রেস করুন।

Start IP Address: 192.168.100.41


End IP Address: 192.168.100.50

আর প্রয়োজন না হলে খালি রেখে Next দিন। Lease Duration এ আই পি গুলো কয়দিনের জন্য লীজ দেওয়া হবে সেটা নির্ধারন করে দেওয়া হয়। লিজ টাইম ৮ দিন রাখতে পারেন বা আপনার প্রয়োজন মত সেট করতে পারেন তবে দীর্ঘ লীজ টাইম সিলেক্ট না করাই ভাল কারন আপনি যদি লীজ টাইম ২০০ দিন সেট করেন সেক্ষেত্রে আপনার অফিসে কোন ভিজিটর এসে নেটওয়ার্ক ব্যবহারের পর সে চলে গেলে ও তার ব্যবহৃত আইপি টি ২০০ দিনের জন্য ব্লক হয়ে যাবে। Next দিন। আপনার নেটওয়ার্কে যদি ডি এন এস সার্ভার, রাউটার ইত্যাদি না থাকে তাহলে No, I will configure these option later সিলেক্ট করুন আর থাকলে Yes, I want to configure these option now সিলেক্ট করুন। Next দিন। আপনার রাউটার এড্রেস থাকলে তা লিখে এড করে Next দিন। Parent Domain: ডোমেইন নেম দিন(যেমনঃ mydomain.com) না থাকলে খালি রাখুন। Server Name:, IP Address: এ ডি এন এস সার্ভারের নাম এবং আই পি বসান না থাকলে খালি রেখে Next দিন। WINS Server থাকলে Server Name:, IP Address: বসিয়ে Next দিন। Yes, I want to activate this option now দিয়ে Next দিন।

http://freebooks.50webs.com

Finish দিন।

৩. আপনার ডি এইচ সি পি সার্ভার প্রস্তুত। এবার নেটওয়ার্কের একটা পিসিতে TCP/IP সেটিংস এ Obtain an IP address automaticaly সিলেক্ট করে এপ্লাই দিন। Start Menu - Run এ গিয়ে Windows 95/98/ME হলে Winipcfg এবং Windows 2000/XP/2003 হলে ipconfig লিখুন। পিসিটি কোন আই পি পেয়েছে তা দেখাবে।




Comment link

## এত সোজা !!!! ঃ ইমেইল সার্ভার




ইমেইল সার্ভার কনফিগার করার আগে ডি এন এস সার্ভার কনফিগার করে নিন। আগের পোস্টে আমি দেখিয়েছি কিভাবে ডি এন এস কনফিগার করতে হয়। ইমেইল সার্ভার হিসেবে আমি বহুল প্রচলিত MDaemon সফটওয়্যারটি ব্যবহার করব। আমি MDaemon Pro 8.1.1 ভারশনটি ব্যবহার করেছি।

১. MDaemon এর সেটাপ চালিয়ে দিন। ক্লিক Next। I Agree দিন। Next দিন বাই ডিফলট C:\MDaemon লোকেশনে ইনস্টল হবে।লাইসেনস কি দিয়ে Next দিন। আবার Next দিন। সেটাপ শুরু হয়ে যাবে।

২. সেটাপ শেষ হওয়ার পর সার্ভার কনফিগারেশন শুরু হবে। Domain Name এ mydomain.com লিখুন (ধরে নিচ্ছি আপনি আমার আগের পোস্ট অনুযায়ী ডি এন এস কনফিগার করেছেন)। Next দিন। এডমিনিস্ট্রেটর একাউন্ট ইনফরমেশনে Full Name দিন। যে নামে ইমেইল এড্রেস হবে সেটা Mailbox এ দিন এবং সবশেষে password দিন। Next দিন। Primary DNS IP

Address এ 192.168.100.1 দিন (ধরে নিচ্ছি আপনি আমার আগের পোস্ট অনুযায়ী ডি এন এস কনফিগার করেছেন)। ডি এন এস এখনো কনফিগার করা না থাকলে কিছু দেওয়ার দরকার নেই। Next দিন। Rum MDaemon in 'Advanced' mode সিলেক্ট করে Next দিন। আবার Next দিন। Finish ক্লিক করুন। MDaemon রান হবে।

৩. Setup-Miscellaneous options... ক্লিক করুন। Misc ট্যাবে গিয়ে Require strong passwords এবং Periodically check for new MDaemon updates থেকে টিকমার্ক তুলে দিন। OK বাটন প্রেস করুন।

৪. Accounts-New Account... এ ক্লিক করে Account Editor রান করুন। যতজন ইউজার আছে তাদের Full Name, Mailbox, Password দিয়ে একাউন্ট তৈরী করুন।


৫. আপনার ইমেইল সার্ভার রেডী। ইন্টারনেট এক্সপ্লোরার রান করে লিখুন http://localhost:3000/ অথবা http://192.168.100.1:3000/ (ধরে নিচ্ছি এটাই আপনার সার্ভারের আইপি) অথবা http://mydomain.com:3000/। MDaemon এর ওয়েব লগিন পেজ ওপেন হবে। এবার Yahoo, Hotmail, Gmail যেভাবে ব্যবহার করে সেভাবে ব্যবহার করুন। আপনি ওয়েব মেইল ব্যবহার করতে না চাইলে ইউডোরা বা আউটলুক এক্সপ্রেস ব্যবহার করতে পারেন। কোন সমস্যা হলে আমাকে জানাবেন।



Comment link

## এত সোজা !!!! ঃ ডি এন এস সার্ভার

http://freebooks.50webs.com




আপনারা নিচের ওয়েব সাইট দুটো একটু ব্রাউজ করে দেখুন।

http://66.94.230.38/

http://66.249.89.104/

কি বুঝলেন??? হ্যাঁ ওপরের এড্রেস দুটি যথাক্রমে http://www.yahoo.com/ এবং http://www.google.com/। ডি এন এস সার্ভারের কল্যানেই আমরা ইন্টারনেট ব্রাউজ করার সময় খটমটে আই পি না লিখে ইয়াহু ডট কম, গুগল ডট কম লিখলেই ওয়েব সাইট ওপেন হয়ে যায়। অর্থাৎ আমরা যখন ব্রাউজারে http://www.google.com/ টাইপ করি তখন ডি এন এস সার্ভার ব্রাউজারকে বলে দেয় http://66.249.89.104/ এড্রেস এ যাওয়ার জন্য। কথা না বাড়িয়ে হাতে কলমেই দেখি কিভাবে ডি এন এস সার্ভার কনফিগার করা যায়।

আমরা Windows 2000 Server ব্যবহার করে ডি এন এস কনফিগার করব আর নিচের সার্ভার নেম, আই পি ও ডোমেইন উদাহারন হিসেবে ব্যবহার করব।

Server Name: Server

IP: 192.168.100.1

Domain: mydomain.com

১. Start-Settings-Control Panel থেকে Add/Remove Programs ওপেন করুন। বাম পাশের বক্স থেকে Add/Remove Windows Components এ ক্লিক করুন। Windows Components Wizard ওপেন হবে। স্ক্রল করে

http://freebookswebs.com

Networking Services এ ক্লিক করে হাইলাইট করুন। Details... বাটনে ক্লিক করে Networking Services উইন্ডো ওপেন করুন। Domain Name System (DNS) এ টিক মার্ক দিন। OK বাটন প্রেস করুন। Next বাটনে প্রেস করার পর ডি এন এস সার্ভার ইনস্টলেশন শুরু হবে এবং আপনাকে Windows 2000 Server এর সিডি সিডিরমে দিতে বলবে। সিডি দেওয়ার পর ইনস্টলেশন প্রক্রিয়া শেষ হবে। Finish বাটন প্রেস করুন।

২. Start-Settings-Control Panel-Administrative Tools-DNS রান করুন। DNS উইন্ডো ওপেন হবে। Server এ রাইট মাউস ক্লিক করে Configure the Server... সিলেক্ট করুন। Yes, create a forward lookup zone সিলেক্ট করে Next এ ক্লিক দিন। Standard Primary সিলেক্ট করে Next প্রেস করুন। Name: এ লিখুন mydomain.com। Next প্রেস করুন। আবার Next প্রেস করুন। Yes, create a reverse lookup zone সিলেক্ট করে Next দিন। Network ID: তে লিখুন 192.168.100। দুইবার Next দিন। Finish দিন।

৩. mydomain.com এ রাইট মাউস ক্লিক করে New Host... ক্লিক করুন। New Host উইন্ডো ওপেন হবে। Name এ দিন Server, IP address: এ দিন 192.168.100.1। Create associated pointer (PTR) record এ টিকমার্ক দিন। Add Host ক্লিক করুন। New Host উইন্ডো বন্ধ করুন।

৪. Start of Authority তে রাইট মাউস ক্লিক করে Properties সিলেক্ট করুন। mydomain.com Properties উইন্ডো ওপেন হবে। Start of Authority (SOA) ট্যাবে ক্লিক করে Primary Server: এ লিখুন server.mydomain.com এবং Responsible Person: এ admin.mydomain.com. লিখুন। Apply দিন। Name Servers ট্যাবে ক্লিক করে Add... এ ক্লিক করুন। Server Name: এ লিখুন server.mydomain.com এবং IP address: এ 192.168.100.1 লিখে Add ক্লিক করে OK দিন। Apply দিন। Zone Transfer ট্যাবে ক্লিক করে Allow zone transfers: এ টিকমার্ক দিন। Only to servers listed on the name servers tab সিলেক্ট করে Apply দিন।

৫. mydomain.com এ রাইট মাউস ক্লিক করে Update Server Data File এ ক্লিক করুন। আপডেট করার পর আবার mydomain.com এ রাইট মাউস ক্লিক করে Reload দিন। OK দিন।

৬. আপনার ডি এন এস সার্ভার রেডি। ঠিকমত কাজ করছে কিনা চেক করার জন্য Start-Run এ cmd লিখে OK দিন। কমান্ড প্রম্পট ওপেন হবে। নিচের কমান্ডগুলো লিখুন

nslookup

mydomain.com


সব কিছু ঠিক থাকলে নিচের রেজাল্ট দেখতে পাবেন

Server: server.mydomain.com

Address: 192.168.100.1

Name: mydomain.com

Address: 192.168.100.1




Comment link

http://freebooks.50webs.com

# এত সোজা !!! ঃ প্রক্সি সার্ভার




একটা ইন্টারনেট কানেকশন দিয়ে একাধিক কম্পিউটারে ইন্টারনেট ব্রাউজ করার জন্য প্রক্সি সার্ভার দরকার হয়। আপনি নিজে প্রক্সি সার্ভার কনফিগার করতে চান?

ভাবছেন, করতে তো চাই কিন্তু সে তো অনেক ঝামেলা।

হুম বুঝেছি, আচ্ছা আপনি চা বানাতে পারেন?

আজ এমন একটা প্রক্সি সার্ভার নিয়ে বলব যেটা কনফিগার করা এক কাপ চা বানানোর চেয়ে ও সোজা।ঃ)

শুরু করা যাক তাহলে। সফটওয়্যারটির নাম হচ্ছে AnalogX Proxy। নিচের লিংক থেকে এটি ডাউনলোড করুন।

http://www.analogx.com/contents/download/network/proxy.htm

ডাউনলোড হয়ে গেলে সেটাপ চালিয়ে দিন। এবং নিচের ধাপগুলো পর্যায়ক্রমে করে যান।

১. I Accept বাটনে ক্লিক করুন।

২. Continue বাটনে ক্লিক করুন।

৩. Yes ক্লিক করুন।

৪. No ক্লিক করুন।

৫. OK ক্লিক করুন।

৬. Start--Programs--AnalogX--Proxy থেকে Proxy রান করুন।

৭. OK ক্লিক করুন।

ব্যাস, আপনার প্রক্সি সার্ভার হয়ে গেল। বিশ্বাস হচ্ছে না?

ঠিক আছে নেটওয়ার্কের অন্য আরেকটা পিসিতে Internet Explorer চালু করুন। Tools--Internet Options...--Connections--LAN Settings... এ যান সব টিক মার্ক তুলে Use a proxy server........ এ টিক মার্ক দিন। Address: এ আপনার পিসির IP অথবা Computer Name দিন। Port: এ দিন 6588। OK -- OK দিন। এবার ব্রাউজ করে দেখুন।

কি প্রক্সি সার্ভার করা খুব কঠিন??? ঃ)

http://freebooks.50webs.com

AnalogX Proxy 'র Port List

HTTP (web browsers) (port 6588)

HTTPS (secure web browsers) (port 6588)

SOCKS4 (TCP proxying) (port 1080)

SOCKS4a (TCP proxying w/ DNS lookups) (port 1080)

SOCKS5 (only partial support, no UDP) (port 1080)

NNTP (usenet newsgroups) (port 119)

POP3 (receiving email) (port 110)

SMTP (sending email) (port 25)

FTP (file transfers) (port 21)



Comment link

ks.50webs.com

## এত সোজা !!! ঃ ওয়েব সার্ভার




http://httpd.apache.org/ - তে গিয়ে apache_2.0.54-win32-x86-no_ssl ফাইলটি ডাউনলোড করুন। ডাউনলোড শেষ হয়ে গেলে সেটাপ চালিয়ে দিন। একটা সাধারন উইন্ডোজ প্রোগ্রাম যেভাবে সেটাপ করেন সেভাবে "ইয়েস" "ওকে" "নেক্সট" দিন। সার্ভার ইনফরমেশন এ "নেটওয়ার্ক ডোমেইন" এ লিখুন "localhost" এবং "সার্ভার নেম" এ আপনার কম্পিউটারের আইপি এড্রেসটি দিন। "এডমিনিস্ট্রের'স ইমেইল" এ আপনার ইমেইল এড্রেস লিখুন। আবার "ইয়েস" "ওকে" "নেক্সট" দিন ঃ))।

ইনস্টল হয়ে গেল আপনার ওয়েব সার্ভার। সবকিছু ঠিক আছে কিনা দেখার জন্য ইন্টারনেট এক্সপ্লোরার ওপেন করুন। এড্রেসবারে লিখুন “http://localhost/“ এবং এন্টার দিন এপাচির টেস্ট পেজটি ওপেন হবে। যুদ্ধ আপনি প্রায় জয় করে ফেলেছেন আর সামান্য বাকি। একটা এইচটিএমএল পেজ তৈরী করুন। এবার


C:\Program Files\Apache Group\Apache2\htdocs

এই লোকেশনে যান। এই ফোলডারের সব ফাইল অন্য একটা ফোলডারে সরিয়ে ফেলুন যাতে ফোলডারটা খালি হয়ে যায়(সব ফাইল মুছে ও দিতে পারেন)। আপনার বানানো ফাইলটি(খেয়াল রাখবেন ফাইল এক্সটেনশন যেন অবশ্যই html হয়) এখানে রাখুন। ইন্টারনেট এক্সপ্লোরারে গিয়ে এড্রেসবারে লিখুন “http://localhost/“ এবং এন্টার দিন। কি হলোতো আপনার ওয়েব সার্ভার???? নেটওয়ার্কের অন্যান্য পিসি থেকে ব্রাউজ করতে হলে ইন্টারনেট এক্সপ্লোরারে লোকালহোস্টের জায়গায় আপনার পিসির আইপি এড্রেস লিখতে হবে। আপনাদের যদি এই লেখা ভালো লাগে তাহলেই আমি স্বার্থক।



Comments link

## এত সোজা !!!! ঃ চ্যাট সার্ভার




ইন্টারনেট ব্যবহার করে অথচ চ্যাট করেনি এমন ইউজার হাতে গোনা কতজন পাওয়া যাবে সন্দেহ আছে। তবে আজকে আমি চ্যাট নিয়ে নয় চ্যাট সার্ভার নিয়ে আলোচনা করব। এই পোস্টটি পড়ার পর খুব সহজেই আপনি একটি চ্যাট সার্ভার তৈরী করে ফেলতে পারবেন। Yahoo, MSN, Google, AOL ইত্যাদি নামকরা চ্যাট সার্ভিস প্রোভাইডার থাকতে নতুন চ্যাট সার্ভার কেন??? তা ঠিক, কিন্ত একটা জিনিস আপনাকে স্বীকার করতেই হবে যে নিজের তৈরী সৃষ্টি নিয়ে কাজ

করার মজাই আলাদা। এছাড়া আপনি যদি কোন LAN এর অধীনে পিসি ব্যবহার করেন তাহলে ইন্টারনেট ছাড়াই LAN এর সকল পিসি ব্যবহারকারী মিলে চ্যাট করতে পারবেন। এবার টু দ্যা পয়েন্টে চলে যাই অর্থাৎ স্টেপ বাই স্টেপ বর্ননা। চ্যাট সার্ভার হিসেবে আমার পছন্দ Easy Chat Server সফটওয়্যারটি।

এর বৈশিষ্ট্যসমূহঃ

* Easy to use, Simple installation that will have you up and running in minutes.
* 128-Bit Security Socket Layer(SSL) support. support for server level certificate creation.
* Instantly runs a complete chat server on your PCs - does not need to install any Web Server.
* Supports full private messaging and One to One private chat.
* Support of images, smileys, avatar icons.
* Full chat and access logs are available within the chat server.
* Have a built-in IP Filter, supports banning/unbanning IP address, securely.
* Multiple styles available for the user to customize rooms.
* Unlimited rooms and users, no any annual, per-user, or maintenance fees.
* No spyware, adware or other unwanted extra programs.


নিচের লিংক থেকে সফটওয়্যারটি ডাউনলোড করতে পারবেন। সাইজ ১.৪৫ মেগাবাইট। rar ফাইলের পাসওয়ার্ড হবে jewelosman@gmail.com

Easy Chat Server

ডাউনলোড হয়ে গেলে ecssetup2.1.exe টি রান করুন। Yes--Next দিন। I accept the agreement সিলেক্ট করে Next দিন। Next--Yes--Next--Next--Install দিন। ইনস্টলেশন শুরু হবে। শেষ হলে Finish দিন। রেজিষ্ট্রেশন উইন্ডো আসবে serial.txt থেকে Username, Registration Code দিন। Easy Chat Server রান হবে।

Port বাইডিফলট ৮০ থাকে। আপনি তা পরিবর্তন করে আপনার পছন্দের পোর্ট নাম্বার দিতে পারেন। তবে পরিবর্তন না করাটাই বুদ্ধিমানের কাজ হবে। URL এ আপনার পিসির আইপি(অর্থাৎ যে পিসিতে Easy Chat Server ইনস্টল করা হয়েছে) দিন। যেমনঃ http://10.3.101.86 এখানে পিসির আইপি ১০.৩.১০১.৮৬। SSL Port: 443 থাকবে। SSL URL এ https://10.3.101.86 দিন। Launch Server at windows startup এবং Startup minimized in systemtray দুটোতে টিক মার্ক দিন। আপনার চ্যাট সার্ভার প্রস্তুত। এবার ইন্টারনেট এক্সপ্লোরার, মোজিলা ফায়ারফক্স বা যে কোন ওয়েব ব্রাউজার রান করে এড্রেসবারে http://10.3.101.86 লিখে এন্টার দিন। চ্যাটের লগিন পেজ ওপেন হবে। উপরের Register লিংকে ক্লিক করে যে কেউ তার ইউজারনেম এবং পাসওয়ার্ড তৈরী করতে পারবে। এডমিনিস্ট্রেটর ও যে কোন ইউজার অথবা চ্যাটরুম তৈরী করতে পারবে যথাক্রমে প্রোগ্রামের Users ও Rooms ট্যাব থেকে। এবার নেম আর পাসওয়ার্ড লিখে যেকোন একটা চ্যাটরুমে ক্লিক করলেই আপনি চ্যাটরুমে প্রবেশ করবেন।

http://freebooks.50webs.com



৫ টি মন্তব্য

http://freebooks.50webs.com